হিজবুল্লাহর পাল্টা হামলায় দিশেহারা ইসরায়েল



সংগৃহীত ছবি

লেবাননের দক্ষিণাঞ্চলে ইসরায়েলের সামরিক অভিযান জোরদারের পর পাল্টা ব্যাপক রকেট ও ড্রোন হামলা চালিয়েছে হিজবুল্লাহ। এতে উত্তর ইসরায়েলে উত্তেজনা বেড়েছে এবং নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

ইসরায়েলি গণমাধ্যম জানিয়েছে, লিতানি নদীর উত্তরাঞ্চলে অভিযান সম্প্রসারণের পর হিজবুল্লাহর হামলার ধরন ও তীব্রতা ইসরায়েলি বাহিনীকে বিস্মিত করেছে। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু পরিস্থিতি পর্যালোচনায় জরুরি বৈঠক করেছেন।

হাইফা, নাহারিয়া, সাফেদ ও কিরিয়াত শমোনাসহ বিভিন্ন এলাকায় রকেট হামলার পাশাপাশি দক্ষিণ লেবাননে অবস্থানরত ইসরায়েলি সেনাদের লক্ষ্য করে ড্রোন হামলাও চালানো হয়েছে।

ইসরায়েলি সেনাবাহিনীর তথ্য অনুযায়ী, শনিবার একদিনেই লেবানন থেকে ২৫টির বেশি রকেট নিক্ষেপ করা হয়। পরিস্থিতির কারণে উত্তরাঞ্চলের কিছু এলাকায় স্কুল বন্ধ ঘোষণা ও নতুন নিরাপত্তা বিধিনিষেধ জারি করেছে কর্তৃপক্ষ।

এর আগে দক্ষিণ লেবাননের বিভিন্ন এলাকায় বিমান হামলা ও স্থল অভিযান আরও বাড়িয়েছিল ইসরায়েলি বাহিনী।